# ২০২৫

# বাংলা

**(প্রোগ্রাম)**

**(সিবিসিএস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)**

**চতুর্থ সেমেস্টার**

**কোর্স কোড : BNG-G-CC-T-4**

**(বাংলা উপন্যাস, নাটক ও প্রবন্ধ)**

**[CBCS]**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ''আমি যদি কাঠবিড়ালি হতুম বেশ হত''— উক্তিটি কার? কাকে বলেছে?

খ) ''আমি পাপ পুণ্য মানি না— কোন্ পাপে আমার এই দণ্ড?'' —বক্তা কে? বক্তার পাপটি কী?

গ) নবকুমারের নিবাস কোথায় ছিল? তিনি কোন্ শ্রেণীর ব্রাহ্মণ ছিলেন?

ঘ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের রচয়িতা কে? উপন্যাসটি কি জাতীয় উপন্যাস বলে তোমার মনে হয়?

*(পরের পাতায়)*

ঙ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসনের দুটি পুরুষ চরিত্রের নাম লেখো।

চ) 'বাংলা সাহিত্যে প্রগতি' প্রবন্ধটি কবে কোন্ প্রকাশনী সংস্থা থেকে বের হয়?

ছ) 'জ্ঞানতরঙ্গিনী' সভাটির স্থান কোথায় নির্বাচন করা হয়?

জ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধটি কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?

ঝ) 'পটুয়া শিল্প' প্রবন্ধটি কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

ঞ) কৃষ্ণকান্ত রায়ের বাড়ি কোথায় ছিল?

ট) ''সব ছবিরই দুটো দিক থাকে''—দিক দুটি কী কী?

ঠ) মাধব দত্তের সঙ্গে অমলের সম্পর্ক কী?

ড) 'যে ধনীর কীর্তি নেই, হাতে কর্ম নেই' তাদের সবচেয়ে কীসের প্রয়োজন হয়?

ঢ) ''তবুও পটের ছবি সজ্ঞান ছিল না।''—তাৎপর্য লেখো।

ণ) 'এ কালের প্রবন্ধ সঞ্চয়ন' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে কোথা থেকে প্রকাশিত হয়?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ''পৃথিবীর সমস্ত বড়ো বড়ো সভ্যতাই দুঃসাহসের সৃষ্টি''— 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধানুসারে মন্তব্যটির বিচার করো।

খ) ''যখন রমণী পরদুঃখে গলিয়া যায়, কেবল তখনই রমণীকণ্ঠে সে স্বর সম্ভব।''—কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? 'রমণীর পরদুঃখে গলে যাবার' তাৎপর্য কী?



গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে জমিদারদের চরিত্রের পাশাপাশি অন্ত্যজ শ্রেণীর মানুষের চরিত্রও সুন্দরভাবে ফুটে উঠেছে— আলোচনা করো।

ঘ) ''তুই ভাই, কাছে গিয়ে তোর দাদাকে চুপ বল না।'' —কে, কার প্রতি এই উক্তি করেছে? এখানে বক্তার কি মনোভাব প্রকাশ পেয়েছে?

ঙ) 'ডাকঘর' নাটকে সুধার চরিত্র বুঝিয়ে দাও।

চ) ''শিল্পের জগতে পৌরাণিক সত্যের প্রতি বিশ্বাস গুরুত্বপূর্ণ''— আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ডাকঘর' রূপক না সাঙ্কেতিক নাটক? এ বিষয়ে তোমার অভিমত দাও।

খ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নবকুমার চরিত্র বিশ্লেষণ করো।

গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে মনস্তাত্ত্বিক দিক কতটা ধরা পড়েছে আলোচনা করো।

ঘ) 'একেই কি বলে সভ্যতা?' প্রহসন হিসেবে কতখানি সার্থক তা বিচার করো।

———